Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্ত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩রা ভাদ্র বুধবার ১৩৬৫ ইংরাজী 20th Aug. 1958 { ১৪শ সংখ্যা

২৯শে শ্রাবণ ১৮৮০ শকাব্দ




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩রা ভাদ্র বুধবার সন ১৩৬৫ সাল।

# পনরই আগষ্ট

—•—

১৯৪৭ অব্দের ১৫ই আগষ্ট ( ১৪ই আগষ্ট রাত্রি ১২টার পরই ১৫ই আগষ্ট ) ইংরাজ ভারতবর্ষকে দু-টুকরো করে (১) ভারত (২) পাকীস্থান উভয়কে ডোমিনিয়ন ষ্টেটাস নামক শাসন ক্ষমতা দিয়ে গেলেন। এই ডোমিনিয়ন ষ্টেটাসকেই নেতৃবৃন্দের মাথা মাথা কর্ত্তারা স্বাধীনতা বলিয়া ১৫ই আগষ্ট হইতে স্বাধীনতা উৎসব সুরু করিয়া দিয়াছেন। এটা যে ঠিক স্বাধীনতা নয়, তা দেশের লোক স্পষ্ট বুঝিতে পারিলেন—যখন ইংলণ্ডের রাণী এলিজাবেথের রাজ্যাভিষেকের সময় ভারত ও পাকীস্থানের দুই প্রধান ব্যক্তি অন্যান্য স্বাধীন দেশের নিমন্ত্রিত সম-পর্য্যায়ভুক্ত অতিথিগণের সহিত সমান আসন পাইলেন না।

কংগ্রেস দল ভারতের শাসন ক্ষমতা পাইলেন। অন্যান্য কয়েকটি দল তখন ১৫ই আগষ্ট তারিখেই চীৎকার সুরু করিলেন—এ আজাদী ঝুটা হায়! ভুলো ম্যৎ! ভুলো ম্যৎ!! ঝুটা হোক্ আর সাচ্চাই হোক্ আমরা 'মাণিকের খানিক ভাল' বলিয়া ঐ চেঁচানি পছন্দ করিতাম না।

স্বাধীনতা আসিবার আগে যখন বড় নেতা পাঁয়তাড়া করিয়া দেশের দুষ্কৃতকারীদের ঝুলাইবার ভাষণ দিতেন, খুব আশা ভরসার সঙ্গে আমাদের বুক ফুলিয়া উঠিত। যখন তিনি স্বাধীন আত্ম-পরিচয় দিবার ছলে বলিতেন (১) আমি শিক্ষায় বৃটিশ (২) সংস্কৃতিতে মুসলমান, (৩) জন্মের দুর্ঘটনায় হিন্দু। এখন ১১ বৎসর অতীত হইতে চলিয়াছে। ভাষণ ছাড়া আমরা বড় কিছু দেখিতে পাই নাই। তবে উল্লিখিত তিন জাতিত্বের নমুনা পাওয়া যাইতেছে। একজন সরকারী বড় কর্ম্মচারী বলিতেন মুসলমান খাদ্য হিন্দু রন্ধনশালায় প্রস্তুত হইয়া ইংরাজী ফ্যাসানে পরিবেশন হইলে যা হয় এই শাসনও ঠিক তদ্রূপ। যা হবে তাই হোক—সাধারণ লোক যদি দুবেলা দুমুঠো পেট ভরে খেতে পেতো আর মোটা ঘেঁটে কাপড় দিয়ে লজ্জা নিবারণ করতে পারতো তবেই তারা এই স্বাধীনতা ভোগ করিতে আপত্তি করিত না।

দুর্নীতি সরকারের আনাচে কানাচে দেখা যাচ্ছে। তার প্রতিকার নাই। পাকীস্থানে শরিয়তী শরিকরা কথা নাই বার্ত্তা নাই সীমান্তে গুলী চালাইতেছে। আমাদের তরফ হইতে প্রতিবাদ ও তীব্র প্রতিবাদ দিয়া দেশের একটি ধূলিকণাও উহাদের দখল করিতে দেওয়া হইবে না বলিয়া বীরদর্পে নানা বীরের নানা ভাষণ শোনা যাই-তেছে। কাজেই অধিকাংশ লোকই স্বাধীনতার **স্বাদহীনতা—সাধহীনতা—শ্বাধীনতা** এই তিন সম-উচ্চারণের শব্দ উপভোগ করিতেছে।

—

## মডিফায়েড রেশন হইতে বঞ্চিত

রঘুনাথগঞ্জ থানার দফরপুর ইউনিয়নের রঘুনাথগঞ্জ সহরের সংলগ্ন আইলেরউপর, রমাকান্তপুর, জগদা-নন্দবাটী, সুজাপুর, চরকা, জেঠিয়া প্রভৃতি গ্রামের অধিবাসীবৃন্দ অদ্যাবধি মডিফায়েড রেশন পান নাই। আমরা এই বিষয়ে বিভাগীয় কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—

## বন্যার কবলে ধুলিয়ান

ধুলিয়ান মিউনিসিপ্যালিটীর কতকাংশ বন্যার জলে ডুবিয়া গিয়াছে। খবর পাওয়ার সঙ্গে সঙ্গে জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী মহাশয় ধুলিয়ান গমন করেন এবং বন্যাপীড়িত জনগণের সুবিধার জন্য বিহিত ব্যবস্থা করেন।

—

## কম্পার্টমেন্টাল পরীক্ষা

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষাপর্যদ ঘোষণা করিয়াছেন যে, আগামী ২৯শে ও ৩০শে আগষ্ট কম্পার্টমেন্টাল স্কুল ফাইন্যাল পরীক্ষা গৃহীত হইবে।

—

## মিউনিসিপ্যাল কালভার্ট অবরোধ

মিউনিসিপ্যালিটীর রঘুনাথগঞ্জ ৫নং ওয়ার্ডে আইলেরউপর মুসলমানপাড়ার ও ডোমপাড়ার বেন্টলী ড্রেণেজ স্কীমের কালভার্টের মুখ করগেট টীন ও মাটী দ্বারা বন্ধ করিয়া রাখা হইয়াছে কেন? প্রায় ছত্রিশ বৎসর পূর্ব্বে ম্যালেরিয়া নিবারণের জন্য বেন্টলী সাহেবের নির্দ্দেশে জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জে ড্রেণ কাটাইয়া আবশ্যক মত স্থানে কালভার্ট নির্ম্মিত হইয়া প্রবেশ ও নির্গমনের পথে স্লুইস গেট বসান হয়। ভাগীরথীর বন্যার ঘোলা জল ড্রেণে প্রবেশ করিয়া সহরের অধিকাংশ জায়গা ভাসাইয়া দিলে মশার ডিম নষ্ট হইয়া যাইবে বলিয়া এই ব্যবস্থা হয়। ব্যক্তিগত স্বার্থের জন্য এই মহান্ প্রচেষ্টা ব্যর্থ করিয়া উক্ত পল্লীর জনসাধারণের স্বাস্থ্য নষ্ট করা হইতেছে। আমরা অবিলম্বে এই বিষয়ে বিহিত ব্যবস্থার জন্য জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—

## দশহরা, দেওয়ালী ও বড় দিন উপলক্ষে স্বল্প ভাড়ায় রেল ভ্রমণ

এক বিজ্ঞপ্তিতে প্রকাশ, পূর্ব্ববর্ত্তী বৎসরের মত বর্ত্তমান বৎসরেও দশহরা, দেওয়ালী ও বড় দিনের ছুটির সময়ে একটি পিঠে ১¼ গুণ ভাড়ায় ভারতীয় রেলওয়েগুলির প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর রিটার্ণ টিকিট বিক্রয় হইবে। দশহরা উপলক্ষে ঐরূপ রিটার্ণ টিকিট ৯ই হইতে ২২শে অক্টোবর, দেওয়ালী উপলক্ষে ২৯শে অক্টোবর হইতে ১১ই নভেম্বর এবং বড় দিনের ছুটি উপলক্ষে ১৫ই ডিসেম্বর হইতে ১৯৫৯ সনের ৫ই জানুয়ারী পর্য্যন্ত বিক্রয় হইবে। কিন্তু ঐরূপ রিটার্ণ টিকিট লইয়া ১৫ দিনের মধ্যে ভ্রমণ সমাধা করিতে হইবে।

—

## বিদেশ হইতে গম আমদানী

আজ লোকসভায় এক প্রশ্নের উত্তরে কৃষি ও খাদ্য মন্ত্রী শ্রীঅজিতপ্রসাদ জৈন জানান যে, বর্ত্তমান বৎসরে বিদেশ হইতে প্রায় ২৩ লক্ষ টন গম আমদানীর ব্যবস্থা করা হইয়াছে এবং গত জুলাই মাস পর্য্যন্ত উহার মধ্যে প্রায় ১৪ লক্ষ ৭০ হাজার টন গম ভারতে আমদানী হইয়াছে।

## চোরের উপদ্রব

গত ১২. ৮. ৫৮ তারিখ রাত্রি প্রায় ৩ টার সময় হঠাৎ পদশব্দে জাগিয়া উঠি। মনে হইল বাটীর পাশ দিয়ে কয়েকটি লোক যাইতেছে। বিছানা হইতেই 'কে' বলিয়া চীৎকার করিয়া উঠি। পরে জানালা দিয়া টর্চের আলোকের সাহায্যে দেখিলাম আমাদের নারিকেল গাছের নীচে ২।৩ জন লোক দাঁড়াইয়া। উঁহাদের উপর টর্চের আলোক পড়াতেই উহারা দৌড়িয়া পলাইয়া গেল। পরে দেখিলাম আঙিনার দরজা খোলা। চুরি করিবার পূর্ব্বেই আমরা জাগিয়া উঠায় উহারা ব্যর্থমনোরথ হইয়া পলায়ন করিতে বাধ্য হয়। এখানে উল্লেখযোগ্য আমাদের বাড়ীর সাম্‌নে রাস্তার অপর দিকে অবস্থিত শ্রীপূর্ণচন্দ্র গোস্বামীর বাড়ী হইতেও পূর্ব্ব রাত্রে কিছু জিনিষ চুরি যায়। এদিকে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করি।

শ্রীপূর্ণচন্দ্র সাহা, শিক্ষক
ওয়ার্ড নং ৪, লালগোলা মহারাজা রোড।
১৫. ৮. ৫৮

## সিমেন্ট বিক্রয়ে পারমিটপ্রথা উঠিয়া গেল

পশ্চিমবঙ্গের সর্ব্বত্র সিমেন্ট সরবরাহ ব্যবস্থার উন্নতি হওয়ায় ১লা আগষ্ট (১৯৫৮) হইতে কলিকাতা এবং জেলাগুলিতে ক্রেতাদিগের নিকট সিমেন্ট বিক্রয়ের পারমিট প্রথা রদ করার সিদ্ধান্ত করা হইয়াছে।

## যোগাযোগ বিছিন্ন

রঘুনাথগঞ্জ—মির্জ্জাপুর জেলাবোর্ডের রাস্তায় বুঞ্চনখালির দক্ষিণে অবস্থিত সাঁকোটী বন্যার ও বৃষ্টির জলের প্রচণ্ড চাপে ভাঙ্গিয়া গিয়াছে। উহা ভাঙ্গিবার সময় একজন পথচারীর সাইকেল ও চারটী বালক প্রবল জলস্রোতে পড়িয়া যায়। কয়েকজন কৃষক জলে ঝাঁপাইয়া পড়িয়া বালক চারটীকে উদ্ধার করে। সাইকেলের কোন সন্ধান পাওয়া যায় নাই। উক্ত স্থানে নৌকা বসাইয়া পথিকগণের পারাপারের ব্যবস্থা হইয়াছে।

## গুড় ও লগুড়

র স-র চ না

স্থু—মো—দে

"বিড়াল-তপস্বী"

গৃহচূড়ে যার যত বৃহৎ নিশান
স্বাধীন ভারতে সেই গণ্য দেশপ্রাণ।
অধীন ভারতে সেইজন নির্ব্বিবেকে,
সেলাম দিয়েছে নিত্য 'য়ুনিয়ন-জ্যাকে'।

"এক ঢিলে দুই পাখী"

বহুমূত্র-পীড়িতের ভাত নাহি সয়,
চালের বদলে আটা খেতে বাধ্য হয়।
চাউল-ভোজীর তরে ভাত সে ছাড়িল—
কাগজে বিবৃতি ছাপে মহত্ব বাড়িল।

"যত দোষ নন্দ ঘোষ"

হারিলেই রেফারির জাজ্‌মেণ্ট্ ভুল
'Fail' এ দায়ী পরীক্ষক ঠিক সমতুল।

## পরলোক গমন

গত ৩১শে শ্রাবণ শনিবার জঙ্গিপুরের স্বর্গীয় অঘোরনাথ মুখোপাধ্যায় মহাশয়ের পৌত্র ও শ্রীপ্রমথনাথ মুখোপাধ্যায় মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র জঙ্গিপুর ফৌজদারী আদালতের মোক্তার শ্রীদুর্গাশঙ্কর মুখোপাধ্যায়ের সহধর্ম্মিণী পরলোক গমন করিয়াছেন। তিনি বহরমপুরের প্রসিদ্ধ মোক্তার স্বর্গীয় কুলদাপ্রসাদ রায় মহাশয়ের কন্যা ছিলেন। তিনি অনেকদিন হইতে রোগভোগ করিতেছিলেন। আমরা তাঁহার অকাল মৃত্যুতে বিশেষ দুঃখিত হইয়াছি। তাঁহার আত্মার চিরশান্তি কামনা করি।

গত ৩২শে শ্রাবণ রবিবার শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেব ঠাকুরের সেবাইতগণের অন্যতম রঘুনাথগঞ্জ নিবাসী শ্রীকৃষ্ণচন্দ্র বড়াল মহাশয় পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স প্রায় ৭২ বৎসর হইয়াছিল। তিনি কয়েক বৎসর হইতে পক্ষাঘাত রোগে ভুগিতেছিলেন। তিনি বিধবা স্ত্রী, চারি পুত্র, দুই কন্যা ও অনেকগুলি নাতি নাতিনী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার সদ্গতি কামনা করিতেছি।

## আরও ৭২০ জন প্রাথমিক শিক্ষক নিয়োগ

শিক্ষিত বেকারদের সাহায্য ও প্রাথমিক শিক্ষার প্রসারের উদ্দেশে ভারত সরকার কর্ত্তৃক প্রণীত একটি পরিকল্পনা সরকার অনুমোদন করিয়াছেন। এই পরিকল্পনা অনুসারে ১৯৫৮-৫৯ সালে ৭২০ জন প্রাথমিক শিক্ষক এবং ১৪ জন অবর শিক্ষা-পরিদর্শক নিয়োগ করা হইবে। —প্রেসনোট

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ৮ই সেপ্টেম্বর ১৯৫৮*

১৯৫৮ সালের ডিক্রীজারী

৫৭ থাং ডিঃ শ্যামাচরণ নাথ দিং দেং ভোলানাথ সাহা দিং দাবি ২৯ টাকা ৪৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর শ্রীপুর ১ শতকের কাত ৪॥/৭ আঃ ১০৲ খং ১৭৫৩ স্বত্ব বসত প্রজা

৫৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮ টাকা ২৫ নঃ পঃ মৌজাদি ঐ ২ শতকের কাত ৪॥০ আঃ ১০৲ খং ১৭৫৫ স্বত্ব ঐ

৫৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯ টাকা ৮১ নঃ পঃ মৌজাদি ঐ ৩ শতকের কাত ৫৲ আঃ ১০৲ খং ১৭৫৬

৬০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯ টাকা ৮১ নঃ পঃ মৌজাদি ঐ ২ শতকের কাত ৫৲ আঃ ১০৲ খং ১৭৫৮ স্বত্ব ঐ

৬১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৮ টাকা ৮১ নঃ পঃ মৌজাদি ঐ ৪ শতকের কাত ১৩৲ আঃ ১০৲ খং ১৭৫৯ স্বত্ব ঐ

৬২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫ টাকা ৪১ নঃ পঃ মৌজাদি ঐ ২ শতকের কাত ৩৷১০ আঃ ১০৲ খং ১৭৬০ স্বত্ব ঐ

৬৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭ টাকা ৮ নঃ পঃ থানা ঐ মৌজে জঙ্গিপুর গোবিন্দবাজার ২ শতকের কাত ৩॥/৭ আঃ ১০৲ খং ৭০৪

৬৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০ টাকা ৭৮ নঃ পঃ মৌজাদি ঐ ৩ শতকের কাত ৫।৭ আঃ ১০৲ খং ৭০৫

৬৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১ টাকা ৫০ নঃ পঃ মৌজাদি ঐ ২ শতকের কাত ৫॥০ আঃ ১০৲ খঃ ৭০৬

৭১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২ টাকা ১৬ নঃ পঃ মৌজাদি ঐ ২ শতকের কাত ২৸৵৫ আঃ ১০৲ খঃ ৭১২

৭২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯ টাকা ৮১ নঃ পঃ মৌজাদি ঐ ২ শতকের কাত ৫৲ আঃ ১০৲ খঃ ৭১৩

৭৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১ টাকা ২২ নঃ পঃ মৌজাদি ঐ ২ শতকের কাত ২৲ আঃ ১০৲ খঃ ৭১৪

৬৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪ টাকা ৫৯ নঃ পঃ থানা ঐ মৌজে জঙ্গিপুর ২ শতকের কাত ৩৸১০ আঃ ১০৲ খঃ ৭০৭

৬৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫ টাকা ৬৯ নঃ পঃ মৌজাদি ঐ ২ শতকের কাত ৩৸৵২ আঃ ১০৲ খঃ ৭০৮

৬৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩ টাকা ৩০ নঃ পঃ মৌজাদি ঐ ১ শতকের কাত ৩।/৭ আঃ ১০৲ খঃ ৭০৯

৬৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪ টাকা ২০ নঃ পঃ মৌজাদি ঐ ১ শতকের কাত ৩॥/৭ আঃ ১০৲ খঃ ৭১০

৭০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১ টাকা ৮৭ নঃ পঃ মৌজাদি ঐ ১ শতকের কাত ৩৲ আঃ ১০৲ খঃ ৭১১

১১৭ থাং ডিঃ ভৌরীলাল বয়েদ দিং দেং হারাধন সরকার দিং দাবি ১৩ টাকা ২২ নঃ পঃ থানা সুতি মৌজে ঘোড়াপাথিয়া গাঙ্গিন ৮ শতকের কাত ।/০ আঃ ৩৲ খঃ ৩৫৬

১২১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৲ মৌজাদি ঐ ১৩ শতকের কাত ৸/০ আঃ ৪৲ খঃ ৩৫৫

১২৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮ টাকা ৯২ নঃ পঃ মৌজাদি ঐ ১৩৭১ শতকের কাত ৩॥৵২॥০ আঃ ১৫৲ খঃ ৪৯৮

১১৮ থাং ডিঃ ঐ দেং বিমলাসুন্দরী দাসী দাবি ১০ টাকা ৪ নঃ পঃ মৌজাদি ঐ ২৩ শতকের কাত ।৵৫ আঃ ৫৲ খঃ ৩৯৯

১২৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০ টাকা ৫৪ নঃ পঃ মৌজাদি ঐ ২৯ শতকের কাত ॥/০ আঃ ৫৲ খঃ ১০১

১২৩ থাং ডিঃ ঐ দেং আকালিচরণ দাস দিং দাবি ১১ টাকা ৫৯ নঃ পঃ মৌজাদি ঐ ৯ শতকের কাত ১।০ আঃ ৩৲ খঃ ৪৩

১২৫ থাং ডিঃ ঐ দেং অক্ষয়কুমার বারিক দিং দাবি ১৬ টাকা ৮৬ নঃ পঃ মৌজাদি ঐ ১২৩ শতকের কাত ৪৲৩ আঃ ১৫৲ খঃ ১৪৮

১২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১ টাকা ২ নঃ পঃ মৌজাদি ঐ ১১ শতকের কাত ।/৮ আঃ ৩৲ খঃ ১৫২

১১৯ থাং ডিঃ দেং ঐ সুহু বিশ্বাস দাবি ১১ টাকা ৫৯ নঃ পঃ থানা ঐ মৌজে ইচলিপাড়া ২১ শতকের কাত ১।৮ পাই আঃ ৫৲ খঃ ১৬৯

১২০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১ টাকা ৮৮ নঃ পঃ মৌজাদি ঐ ২১ শতকের কাত ১।৶০ আঃ ৫৲ খঃ ১৬৯৯

---

## *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*
## *নিলামের দিন ১৫ই সেপ্টেম্বর ১৯৫৮*

১৯৫৭ সালের ডিক্রীজারী

৩৪ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং শ্রীকান্ত ভুঁইমালি দাবি ১৩ টাকা ৩৫ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে কোতলা ৬৭ শতকের কাত ৪॥০ আঃ ৫৲ খঃ ১

৩৫ থাং ডিঃ ঐ দেং ব্রজভূষণ ঘোষ দিং দাবি ১৭ টাকা ৪০ নঃ পঃ থানা ঐ মৌজে তাঁতিবিরল ৩-৪৬ শতকের কাত ৯৸/৬ আঃ ১০৲ খঃ ৪৫

৩৭ থাং ডিঃ ঐ দেং তুকেজান মণ্ডল দিং দাবি ২১ টাকা ৮ নঃ পঃ মৌজাদি ঐ ৪-৮০ শতকের কাত ১৪৵০ আঃ ১৫৲ খঃ ৭৫

৩৬ থাং ডিঃ ঐ দেং আলেকজান বিবি দাবি ১৪ টাকা ৯ নঃ পঃ থানা ঐ মৌজে বুধি ২-৩ শতকের কাত ৫।/১৬ আঃ ৫৲ খঃ ১৬

৩৮ থাং ডিঃ ঐ দেং গোলাম মোস্তাফা দাবি ১৫ টাকা ৫৯ নঃ পঃ মৌজাদি ঐ ২-৪১ শতকের কাত ৭৸/০ আঃ ৯৲ খঃ ৫

৩৯ থাং ডিঃ ঐ দেং এবারক হোসেন দিং দাবি ১৬ টাকা ১২ নঃ পঃ মৌজাদি ঐ ১-৯০ শতকের কাত ৭।৶৫ আঃ ৮৲ খঃ ৫৭

৪০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০ টাকা ১৪ নঃ পঃ মৌজাদি ঐ ৬৪ শতকের কাত ৩॥৶৮ আঃ ৩৲ খঃ ৫৬

৪১ থাং ডিঃ ভৌরীলাল বয়েদ দিং দেং পাঞ্জাব খাঁ দিং দাবি ১৪ টাকা ৬৬ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ৬৬ শতকের কাত ২৸৵৬ আঃ ১০৲ খঃ ৭৪১

৪৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০ টাকা ৭৬ নঃ পঃ মৌজাদি ঐ ৮ শতকের কাত ॥৶১১ আঃ ৩৲ খঃ ৩১

৪৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯ টাকা ৮১ নঃ পঃ মৌজাদি ঐ ১৭ শতকের কাত ১৲১১ পাই আঃ ৩৲ খঃ ২৭

৪২ থাং ডিঃ ঐ দেং বোচন খাঁ দিং দাবি ১১ টাকা ২৩ নঃ পঃ মৌজাদি ঐ ১৭ শতকের কাত ১৲১১ পাই আঃ ৪৲ খঃ ২৭

৪৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২ টাকা ৮ নঃ পঃ মৌজাদি ঐ ৮ শতকের কাত ॥৶১১ আঃ ৩৲ খঃ ৩১

৪৫ থাং ডিঃ ঐ দেং বানিজান নেসা দিং দাবি ১০ টাকা ৯০ নঃ পঃ মৌজাদি ঐ ১১ শতকের কাত ১৵১১ আঃ ৩৲ খঃ ৭৭৪

৪৬ থাং ডিঃ ঐ দেং গোলাব খাঁ দিং দাবি ১২ টাকা ৯০ নঃ পঃ মৌজাদি ঐ ১৬ শতকের কাত ২৲৭ আঃ ৪৲ খঃ ৩২৪


৪৭ থাং ডিঃ ঐ দেং নুরুলনেসা বিবি দাবি ১০ টাকা ৮৭ নঃ পঃ মৌজাদি ঐ ৯ শতকের কাত ১৲ আঃ ৪৲ খঃ ৭৩৮

৪৮ থাং ডিঃ ঐ দেং উমেদ সেথ দিং দাবি ১৬ টাকা ৬ নঃ পঃ মৌজাদি ঐ ২০ শতকের কাত ২৶৮ আঃ ৪৲ খঃ ৬৩২

১৬ স্বত্ব ডিঃ চাঁদমল সেরাওগী দেং সেকেন্দর সেথ দিং দাবি ৭৮ টাকা ২০ নঃ পঃ থানা ফরক্কা মৌজে পড়াণপাড়া ২৩।০।/০ জমির কাত ২৩৵০ আঃ ৫০৲ খঃ ৪৭১

---

## ধর্ম্মঘটের ঘটায় পড়ি
## ভাগ্যে ছিল চড়বো লরী



ধর্ম্মঘটের ঘটায় পড়ি
কপাল গুণে চড়ছি লরী

---

## স্বাধীন বেটা ছেলে



“জানের জোরে চলেন ইনি
যানের ভরসা ছেড়ে।”

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং

বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,

কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে ম[illegible] হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

## আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।